

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
প্রশাসন-১ শাখা
www.mowca.gov.bd

নম্বর: ৩২.০০.০০০০.০১৮.১৮.০৪০.১৭-২৫১

তারিখ: ২৫ চৈত্র ১৪২৪

০৮ এপ্রিল ২০১৮


প্রজ্ঞাপন

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা জনাব সাধন কুমার সরদার-কে নিজ খরচে ভারতের বিভিন্ন পবিত্র ধর্মীয় তীর্থস্থানসমূহ পরিদর্শনের অনুমতিসহ আগামী ১৬/০৪/২০১৮ তারিখ হতে ২৫/০৪/২০১৮ তারিখ পর্যন্ত অথবা ছুটি ভোগের তারিখ হতে মোট ১০ (দশ) দিনের বহিঃবাংলাদেশ অর্জিত ছুটি নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে মঞ্জুর করা হলো।

শর্তাবলিঃ

- (১) তিনি ছুটি/ভ্রমণকালীন সময়ের বেতন ভাতাদি বাংলাদেশী মুদ্রায় গ্রহণ করবেন;
- (২) এ ভ্রমণে ব্যক্তিগত বিধায় তিনি টিএ/ডিএ বা অন্য কোন ভাতাদি প্রাপ্য হবেন না;
- (৩) এ ভ্রমণে বাংলাদেশ সরকারের কোন বৈদেশিক মুদ্রা ব্যয় হবে না;
- (৪) অনুমোদিত সময়ের অতিরিক্ত তিনি বিদেশে অবস্থান করতে পারবেন না; এবং
- (৫) বি.এস.আর (অংশ-১) বিধি ৩৪ অনুযায়ী ছুটি মঞ্জুরীর ৩৫ (পঁয়ত্রিশ) দিনের মধ্যে ছুটি ভোগ শুরু করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



মোঃ জাহাঙ্গীর হোসেন

উপসচিব

ফোন: ৯৫৪০১০৬

ইমেইল:

mowcaadmnone@gmail.com

নম্বর: ৩২.০০.০০০০.০১৮.১৮.০৪০.১৭-২৫১/১(১১)

তারিখ: ২৫ চৈত্র ১৪২৪

০৮ এপ্রিল ২০১৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইলঃ

- ১) মান্যবর হাইকমিশনার, ভারতীয় হাইকমিশন, বাড়ি নং-২, সড়ক নং-১৪২, গুলশান-১, ঢাকা।
- ২) বাংলাদেশ হাইকমিশন, কলকাতা, ভারত।
- ৩) উপসচিব, প্রশাসন-১ শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৪) সচিবের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫) ভারপ্রাপ্ত কর্মকর্তা, ইমিগ্রেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।

৬) ভারপ্রাপ্ত কর্মকর্তা, ইমিগ্রেশন, বেনাপোল/ দর্শনা স্থলবন্দর, যশোর।

৭) উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (তাকে গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধ করা হলো)।

৮) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

৯) প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

১০) হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

১১) জনাব সাধন কুমার সরদার, প্রশাসনিক কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



৮-৪-২০১৮

মোঃ জাহাঙ্গীর হোসেন

উপসচিব